# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং -বিঅ-৬/৫৭৬৫.৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৩০৫৫ তারিখ: ২৭-১১-২০২২

বিষয়: বিদ্যালয়ের স্বীকৃতি নবায়ন প্রসঙ্গে।

সূত্র : প্রধান শিক্ষকের ১৭-১১-২০২২ তারিখের আবেদন (আইডি- ১৯৩১৭)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত শর্তাবলি পূরণ সাপেক্ষে ০১/০১/২০২৩ খ্রি. তারিখ হতে ৩১/১২/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য বিদ্যালয়ের স্বীকৃতি নবায়ন করা হলো-

শর্তাবলি:

১। অনুমতি/অনুমোদনহীন কোন শাখা থাকলে অবিলম্বে তা যথাবিধি অনুমতি/অনুমোদনের ব্যবস্থা করতে হবে।

২। পাবলিক পরীক্ষার ফলাফলের গুণগত মান আরও বৃদ্ধি করতে হবে ও শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি আরও বৃদ্ধি করতে হবে।

৩। সহপাঠক্রম জোরদার করতে হবে এবং পাঠ্যক্রম অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে।

৪। বিদ্যালয় অঙ্গনে ফলবান, বনজ এবং ঔষধি বৃক্ষ রোপণ করে উহা রক্ষণাবেক্ষণ করতে হবে।

৫। প্রতিষ্ঠানের নিজস্ব কম্পিউটার ল্যাব/ইন্টারনেট ব্যবহার উপযোগী কম্পিউটার থাকতে হবে এবং প্রত্যেক শিক্ষকের ই-মেইল আইডি বোর্ডকে অবহিত করতে হবে ও বার্ষিক ম্যাগাজিন/দেয়াল পত্রিকা প্রকাশ করতে হবে।

৬। ভর্তি, নিবন্ধন বা পরীক্ষা সংক্রান্ত কার্যক্রমসহ সর্বক্ষেত্রে বোর্ড অথবা সরকার কর্তৃক নির্ধারিত ফিসের অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না।

৭। ছাত্রদের স্কাউট এবং ছাত্রীদের জন্য গার্লস গাইড কার্যক্রম চালু করতে হবে।

৮। লাইব্রেরি ব্যবস্থাপনা সফটওয়ারে নিজ নিজ প্রতিষ্ঠানের গ্রন্থাগারের বইয়ের তথ্য আপলোড করতে হবে।

৯। কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ডে শিক্ষক-কর্মচারীবৃন্দ বিধি মোতাবেক নির্ধারিত হারে চাঁদা কর্তন করবেন এবং বিদ্যালয় কর্তৃপক্ষ সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীর হিসাবে সমপরিমাণ চাঁদা প্রদান করবেন।

১০। বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহের প্রতিটির ন্যূনতম তিন কপি সংগ্রহ এবং অনুসরণ করতে হবে।

১১। বোর্ড কর্তৃক সরবরাহকৃত প্রশ্নব্যাংক থেকে প্রশ্নপত্র ডাউনলোড করে অভ্যন্তরীণ পরীক্ষাসমূহ পরিচালনা করতে হবে।

২৭-১১-২০২২

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

02477762705

প্রধান শিক্ষক

শালিকা মাধ্যমিক বিদ্যালয়, ( EIIN : ১১৮২৯৭)

দারিয়াপুর, মেহেরপুর সদর,

মেহেরপুর।

স্মারক নং-বিঅ-৬/৫৭৬৫.৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৩০৫৫ (৭) তারিখ: ২৭-১১-২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর।

২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মেহেরপুর.

৪। জেলা শিক্ষা অফিসার, মেহেরপুর.

৫। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর।

৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মেহেরপুর সদর, মেহেরপুর.

৭। অফিস কপি।

২৭-১১-২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

02477762705